গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০১৭.৩৩.০২৬.১৯.১০৯০

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩১
২০ নভেম্বর ২০২৪

বিষয়: **হিজরি ১৪৪৬/২০২৫ সনের প্রাথমিকভাবে যোগ্য হজ এজেন্সির (৫ম পর্যায়ে) তালিকা প্রকাশ।**

হিজরি ১৪৪৬/২০২৫ সনের হজ কার্যক্রমে অংশগ্রহণের জন্য শর্তসাপেক্ষে প্রাথমিকভাবে যোগ্য নিম্নবর্ণিত ১০ (দশ)টি হজ এজেন্সির তালিকা (৫ম পর্যায়) নির্দেশক্রমে প্রকাশ করা হলো:

| ক্রম: | হজ লা: নং | এজেন্সির নাম ও ঠিকানা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| 1. | 0123 | Royal Air Service, 120, D.I.T Extn. Road, Fakirapool, Dhaka. |
| 2. | 0298 | Gaocia Travels & Tours, Johadia Complex, 62, Muradpur, panchlich, Chottogram,4203 |
| 3. | 0907 | Lime Stone Resort & Tourism Ltd. Mahtab Center, Suite#5 (6th Floor), 177 Shahid Syed Nazrul Islam Sarani, Bijoy Nagar, Dhaka-1000. |
| 4. | 1085 | Norsindi Air Service. Dak Bangla Road, Bowakur, Narsingdi. |
| 5. | 1127 | Rozina Air Travels. S.K. Mannan Tower, Level-4, Flat-C 403 (5th Floor), Cheragali, Tongi, Gazipur. |
| 6. | 1190 | Shohagi Tours & Travels. 220/A, 1/1, Begum Rokeya Sharani, West Kafrul, Dhaka-1216. |
| 7. | 1233 | Subway Travels & Holiday. 9/7, Tajmahal Road, Mohammadpur, Dhaka-1207. |
| 8. | 1260 | Taj Tours & Travels. 29, Toyeenbe Circular Road (ground Floor), Motijheel, Dhaka. |
| 9. | 1266 | The Padma Air International. 40/1-D Vip Road, Nayapaltan (4th Floor), Dhaka-1000. |
| 10. | 1277 | Ullash Tours & Travels. 11/2, Ashek Lane (Ground Floor), Islampur, Kotwali, Dhaka-1100. |

শর্তাবলী:

(ক) হজে প্রেরণের জন্য প্রত্যেক হজযাত্রীর সাথে হজ এজেন্সির লিখিত চুক্তি সম্পাদন নিশ্চিত করতে হবে;

(খ) প্রত্যেক এজেন্সি ১৪৪৬ হিজরি/২০২৫ সনে সৌদি সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক হজযাত্রী প্রেরণ করতে পারবে;

(গ) প্রত্যেক হজ এজেন্সিকে নির্ধারিত সংখ্যক হজ গাইড নিয়োগ করে হজ সিস্টেমে আপলোড করতে হবে;

(ঘ) অনিবন্ধিত কোন ব্যক্তিকে হজযাত্রী হিসেবে হজে নেয়া যাবে না। কোন এজেন্সি যদি এ ধরনের কোন উদ্যোগ গ্রহণ করে; তাহলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর এজেন্সির লাইসেন্স বাতিলসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঙ) পরবর্তীতে কোন এজেন্সির হালনাগাদ তথ্য পাওয়া গেলে সেসব এজেন্সির নাম পরবর্তী তালিকায় প্রকাশ করা হবে;

(চ) তালিকা প্রকাশের পর কোন হজ এজেন্সির বিরুদ্ধে কোন অভিযোগের কারণে দন্ডিত হলে কোন কারণ দর্শানো ব্যতিত সংশ্লিষ্ট এজেন্সির নাম তালিকা থেকে বাতিল করা হবে;

(ছ) প্রত্যেক এজেন্সি হালনাগাদ হজ লাইসেন্স, ট্রাভেল লাইসেন্স এবং ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর সনদ দাখিলপূর্বক পরিচালক হজ অফিস, ঢাকা-এর সাথে চুক্তি স্বাক্ষর করতে হবে;

(জ) স্বত্বাধিকারী/অংশীদার/পরিচালকগণের মধ্য হতে হজ এজেন্সির মোনাজ্জেম নির্ধারন করতে হবে;

(ঝ) প্রকাশিত তালিকার কোন এজেন্সি হজ ২০২৫ মৌসুমে যৌক্তিক কারণ ছাড়া হজযাত্রীর নিবন্ধন না করলে সেই এজেন্সির বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

০২। এজেন্সির লাইসেন্সের মেয়াদ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত নবায়নের শর্তে যোগ্য তালিকায় অর্ন্তভুক্ত করা হলো। যে সমস্ত এজেন্সির লাইসেন্সের মেয়াদ সেপ্টেম্বর ২০২৫ এর মধ্যে অতিবাহিত হবে তাদের-কে নবায়নের জন্য নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদন না করলে/নবায়ন না করা হলে এজেন্সির নাম তালিকা থেকে বাতিল হবে।

০৩। কর্জে হাসানা হিসেবে গৃহীত জামানতের ৫০% অর্থাৎ ১০.০০ লক্ষ টাকা আগামী ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে জমা/ফেরত প্রদানের শর্তে যোগ্য তালিকায় অন্তর্ভূক্ত করা হলো। কর্জে হাসানার এফডিআর নির্ধারিত সময়ের মধ্যে ফেরত/জমা প্রদান না করলে এজেন্সির নাম তালিকা হতে বাতিল হবে।

০৪। যোগ্য তালিকায় অন্তর্ভূক্ত হজ এজেন্সি ব্যতিত অন্য কোন হজ এজেন্সি ১৪৪৬ হিজরি/২০২৫ সনের হজ কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না।

০৫। যে সব এজেন্সির লাইসেন্স হালনাগাদ নেই, লাইসেন্সের মেয়াদ সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে অতিবাহিত হয়েছে, ঠিকানায় ভিন্নতা রয়েছে, অভিযোগে দন্ড প্রাপ্ত, সৌদি আরবে কালো তালিকাভূক্ত এবং অভিযোগ নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন রয়েছে সে সব এজেন্সির নাম তালিকায় (৫ম পর্যায়ে) অন্তর্ভুক্ত করা হয়নি।

০৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ তালিকা প্রকাশ করা হলো।

২০.১১.২৪
মামুন আল ফারুক
উপসচিব
ফোন: ০২-৫৫১০১১১৯
morahajsection@gmail.com

স্মারক নং-১৬.০০.০০০০.০১৭.৩৩.০২৬.১৯.১০৯০

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩১ / ২০ নভেম্বর ২০২৪

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৩. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রশাসক, হজ এজেন্সিজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা।
৫. উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৬. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৭. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট,..........................................................ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা (পরবর্তী কার্যক্রম গ্রহণ করার অনুরোধসহ)।
১০. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তালিকাটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ )।
১২. মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকা।
১৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কারওয়ান বাজার, ঢাকা (তালিকাটি হজের ওয়েবসাইটে প্রকাশসহ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম সম্পাদনের অনুরোধসহ)।
১৪. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার ........................................................................ এজেন্সি।
১৫. অফিস কপি।

২০.১১.২৪
মামুন আল ফারুক
উপসচিব